



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/মাধ্য/পনি/২০২০/২৩৭

তারিখঃ ২৯/০৫/২০২০ খ্রি.

২০২০ সালের এসএসসি পরীক্ষার্থীদের প্রতি নির্দেশনাবলী:

কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে এ বছর এসএসসি পরীক্ষা-২০২০ এর ফল ৩১ মে, রবিবার প্রকাশ করা হবে। এই মহামারীকালে সংশ্লিষ্ট সকলকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনার আলোকে নিম্নোক্ত নির্দেশনাবলী মেনে ফল সংগ্রহ করতে হবে।

১। এ বছর এসএসসি পরীক্ষা-২০২০ এর ফল ৩১ মে, রবিবার অন-লাইনে প্রকাশিত হবে। পরীক্ষা কেন্দ্রে কিংবা শিক্ষা প্রতিষ্ঠানে কোন ফল প্রেরণ করা হবে না। কাজেই, কোন অবস্থাতেই ফল প্রকাশের দিন শিক্ষা প্রতিষ্ঠানে জমায়েত হওয়া যাবে না।

২। যারা এসএমএস এর মাধ্যমে ফলাফল পেতে ইচ্ছুক তাদেরকে ফলাফল প্রকাশের পূর্বেই নিম্নোক্ত পদ্ধতিতে প্রি-রেজিস্ট্রেশন করতে হবে:

SSC-Board name (First 3 Letter)-Roll-Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে।

উদাহরণ:

SSC- Bar-123456-2020 Send to 16222

ফলাফল প্রকাশের সাথে সাথেই প্রি-রেজিস্ট্রেশনকৃত পরীক্ষার্থীদের মোবাইল নম্বরে তাদের ফলাফল পৌঁছে যাবে।

৩। বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট থেকে ফলাফল জানা যাবে (www.barisalboard.gov.bd)।

৪। বরিশাল শিক্ষাবোর্ড থেকে কোনো ফলাফল জানা যাবে না।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



অরুণ কুমার গাঈন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন অফিসঃ ০৪৩১-৬৪০৮৫

ইমেইল barisalboard@gmail.com